

রাজশাহী বিশ্ববিদ্যালয়



বিজ্ঞপ্তি নং- ১১/২০১৭

তারিখ : ২৯-০১-২০১৭

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারে জুনিয়র গ্রন্থাগারিক এর ০১ (এক) টি পদ পূরনের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

জুনিয়র গ্রন্থাগারিক (পদের সংখ্যা:১) : বেতনক্রম : ১৬০০০-৮০০-৩৮,৬৪০/- ও প্রচলিত ভাতাদি।

বয়স : অনূর্ধ্ব ৩২ বছর হতে হবে।

শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা :


- শিক্ষা জীবনে সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/ সিজিপিএ ৩.০০ সহ যে কোন পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞানে সম্মানসহ মাস্টার্স ডিগ্রী পাশ হতে হবে।
- ILS সম্পর্কে ধারণাসহ KOHA Software এ MARC-21 format-এ পাঠসামগ্রীর Data Entry কাজের ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। D-Space, Greenstone সফটওয়্যার সম্পর্কে বাস্তব অভিজ্ঞতাধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- স্বীকৃত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার সায়েন্সে পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমাধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
- জব টেস্টের মাধ্যমে সফটওয়্যার সংক্রান্ত বাস্তব অভিজ্ঞতা প্রকৃত বিশেষজ্ঞ দ্বারা পরীক্ষা করা হবে।

আবেদনপত্রের একখানা নমুনা ফরম অফিস চলাকালীন সময়ে ব্যক্তিগতভাবে অথবা টাকা ৪.০০ মূল্যের ডাক টিকিটসহ নিজ ঠিকানা উল্লেখ পূর্বক একটি বড় খাম পাঠিয়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে সংগ্রহ করা যাবে।

০৫ (পাঁচ) কপি আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে প্রত্যেক আবেদন পত্রের সাথে পরীক্ষা সমূহের সার্টিফিকেটের সত্যায়িত কপি বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফটসহ (অফেরতযোগ্য) আবেদন পত্রের সাথে সংযুক্ত করে আগামী ২৮-০২-২০১৭ তারিখ অথবা তৎপূর্বে পৌছাতে হবে।

চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত দরখাস্ত গ্রহণ করা হবেনা।

উল্লেখ্য, মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারী নিয়ম অনুসৃত হবে।

স্বাঃ/- 

(ড. মুহাম্মদ এস্তাজুল হক)

রেজিস্ট্রার

রাজশাহী বিশ্ববিদ্যালয়